রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুন ১৪, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/ ৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর **০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২৩.৮৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের উদ্‌বৃত্ত কর্মচারী আত্তীকরণ আইন, ২০২৩-এর খসড়া যাচাই-বাছাই সংক্রান্ত কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটি গঠন :

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মন্ত্রিপরিষদ সচিব | সদস্য |
| ৪. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| ৫. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৭. | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি :

(১) 'সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের উদ্‌বৃত্ত কর্মচারী আত্তীকরণ আইন, ২০২৩' আইনটি 'সরকারি চাকরি আইন, ২০১৮' এবং 'উদ্‌বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২০'-এর সাথে সাংঘর্ষিক কি-না তা যাচাই-বাছাই করা;

(২) 'সরকারি চাকরি আইন, ২০১৮'-এর প্রস্তাবিত সংশোধনসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে এই আইনটি প্রণয়ন করার সুপারিশ প্রদান; এবং

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(গ) কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে।

(ঘ) কমিটি প্রয়োজন অনুযায়ী একাধিকবার বৈঠকে মিলিত হবে।

(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ইশরাত জাহান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব)), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd